

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭৫

১৬/ হাজ (হজ/হজ) (حتاب الحج)

পরিচ্ছেদঃ ৭৯. মক্কার হারাম হওয়া, হারামের অভ্যন্তরে শিকার করা এখানকার গাছপালা উপড়ানো ও ঘাস কাটা নিষিদ্ধ হওয়া প্রসঙ্গ

باب تَحْرِيمٍ مَكَّةَ وَصَيْدِهَا وَخَلاَهَا وَشَجَرِهَا وَلُقَطَتِهَا إِلاَّ لِمُنْشِدٍ عَلَى الدَّوام

আরবী

حَدَّثَنِي زُهُيْرُ بُنُ حَرْب، وَعُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيد، جَمِيعًا عَنِ الْوَلِيدِ، - قَالَ زُهَيْرٌ حَدَّثَنَا الْوُلِيدُ بْنُ مُسْلِمٍ، - حَدَّثَنِي أَبُو هَرَيْرَةَ، قَالَ لَمَّا فَتَحَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رَسُولِ اللَّهِ هُوَ ابْنُ عَبْدِ الرَّحْمَنِ - حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ، قَالَ لَمَّا فَتَحَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم مَكَّة قَامَ فِي النَّاسِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ حَبَسَ عَنْ مَكَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُؤْمِنِينَ وَإِنَّهَا لَنْ تَحِلَّ لأَحَد كَانَ قَبْلِي وَإِنَّهَا لَنْ مَحِلَّ لأَحَد كَانَ قَبْلِي وَإِنَّهَا لَنْ مَكِلَّةَ الْفِيلَ وَسَلَّطَ عَلَيْهَا رَسُولَهُ وَالْمُؤْمِنِينَ وَإِنَّهَا لَنْ تَحِلَّ لأَحَد كَانَ قَبْلِي وَإِنَّهَا وَلاَ يُخْتَلَى شَوْكُهَا أَدْ مَنْ تَعِلْ سَاعَةً مِنْ نَهَارٍ وَإِنَّهَا لَنْ تَحِلَّ لأَعْدِي فَلاَ يُنَقِّرُ النَّظَرَيْنِ إِمَّا أَنْ يُخْتَلَى شَوْكُهَا وَلاَ تَحِلُّ سَاقِطَتُهَا إِلاَّ لِمُنْشِد وَمَنْ قُتِل لَهُ قَتِيلٌ فَهُوَ بِخَيْرِ النَّظَرَيْنِ إِمَّا أَنْ يُفْدَى وَإِمَّا أَنْ يُقْتَلَ " . فَقَالَ الْعَبَاسُ إِلاَّ لِمُنْشِد وَمَنْ قُتِل لَهُ قَتِيلٌ فَهُو بِخَيْرِ النَّطَرَيْنِ إِمَّا أَنْ يُغْدَى وَإِمَّا أَنْ يُقَلِلُ الْمُولَ اللَّهِ فَإِنَّا نَجْعُلُهُ فِي قُبُورِنَا وَبُيُوتِنَا . فَقَالَ وَسُلُ النَّهِ صَلَى الله عليه وسلم " إِلَّا الإِذْخِرَ " . فَقَامَ أَبُو شَاهٍ رَجُلٌ مِنْ أَهْلِ الْيَمَنِ رَسُولُ اللّهِ عليه وسلم " إِلَّا الإِذْخِرَ " . فَقَامَ أَبُو شَاهٍ رَجُلٌ مِنْ أَهْلِ الْيَمَنِ وَسُلُولُ اللّهِ عليه وسلم " اكْتُبُوا لأَيْ مِنْ الله عليه وسلم " اكْتُبُوا لأَيْ مِنْ وَلُولُ الْوَلِيدُ فَقُلْتُ لِلْأُوزُاعِيِّ مَا قَوْلُهُ اكْتُبُوا لِي يَا رَسُولَ اللّهِ قَالَ هَذِهِ الْخُطُبَةَ الّتِي سَامِ عَلَى مَنْ رَسُولَ اللّهِ عليه وسلم " اكْتُبُوا لِي يَا رَسُولَ اللّهِ عَلْ مَنْ وَلُولُ اللّهِ عليه وسلم . .

বাংলা

৩১৭৫। যুহায়র ইবনু হারব ও উবায়দুল্লাহ ইবনু সাঈদ (রহঃ) ... ওয়ালীদ থেকে, তিনি আওযায়ী থেকে, তিনি ইয়াহইয়া ইবন আবু কাসীর থেকে, তিনি আবু সালামা থেকে তিনি আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন যে, তিনি বলেন, আল্লাহ তায়ালা যখন তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মক্কা বিজয় দান করলেন- তখন তিনি লোকদের উদ্দেশ্যে দাঁড়িয়ে ভাষণ দিলেন। তিনি প্রথমে আল্লাহর প্রশংসা ও মহিমা বর্ণনা করলেন। অতঃপর বললেনঃ নিশ্চিত আল্লাহ তায়ালা হস্তি বাহিনীর মক্কায় প্রবেশে বাধা প্রদান করেছেন এবং তার রাসুল সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম ও মুমিনদেরকে মক্কা অতিযানে বিজয়ী করেছেন। আমার পূর্বে কারও জন্য এখানে রক্তপাত বৈধ ছিল না। আর আমার জন্যও একদিনের কিছু সময় এখানে যুদ্ধ করা হালাল করা হয়েছিল। আমার পরে আর কারও জন্য তা কখনও হালাল হবে না। অতএব এখানকার শিকারের পশ্চাদারণ করা যাবে না, একানকার কাঁটাদার গাছও উপড়ানো যাবে না এবং এখানকার পতিত জিনিস তোলা যাবে না। তবে ঘোষণা প্রদানকারী (তা তুলে নিতে পারবে)।

কারও কোন আত্নীয় নিহত হলে তার জন্য দুটি অবস্থার যে কোন একটি গ্রহণের অধিকার রয়েছেঃ হয় ফিদয়া (রক্তপণ) গ্রহণ করতে হবে নতুবা হত্যাকারীকে কিসাস স্বরূপ হত্যা করবে। আব্বাস (রাঃ) বললেন, ইয়া রাসুলাল্লাহ! কিন্তু ইযখির ঘাস যা আমরা কবরে দিয়ে থাকি এবং আমাদের ঘরের চালায় ব্যবহার করি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কিন্তু ইযখির ঘাস (এর কাটার অনুমতি দেওয়া হল)। ইয়ামানের অধিবাসী আবু শাহ (রাঃ) দাঁড়িয়ে বললেন, ইয়া রাসুলাল্লাহ! আমাকে (একথাগুলো) লিখে দেওয়ার ব্যবস্থা করুন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন তোমরা আবৃ শাহকে লিখে দাও। ওয়ালীদ (রহঃ) বলেন, আমি আওয়াঈকে (রহঃ) জিজ্ঞাসা করলামঃ "হে আল্লাহর রাসুল! আমাকে লিখে দেওয়ার ব্যবস্থা করুন"--- তাঁর একথার অর্থ কি? তিনি বললেন, যে ভাষণ তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কে দিতে শুনলেন তা।

English

Abu Huraira, (Allah be pleased with him) reported. When Allah, the Exalted and Majestic, granted Allah's Messenger (ﷺ) victory over Mecca, he stood before people and praised and extolled Allah and then said: Verily Allah held back the elephants from Mecca and gave the domination of it to His Messenger and believers, and it (this territory) was not violable to anyone before me and it was made violable to me for an hour of a day, and it shall not be violable to anyone after me. So neither molest the game, nor weed out thorns from it. And it is not lawful for anyone to pick up a thing dropped but one who makes public announcement of it. And it a relative of anyone is killed he is entitled to opt for one of two things. Either he should be paid blood-money or he can take life as (a just retribution). 'Abbas (Allah be pleased with him) said: Allah's Messenger, but Idhkhir (a kind of herbage), for we use it for our graves and for our houses, whereupon Allah's Messenger (ﷺ) said: With the exception of Idhkhir. A person known as Abu Shah, one of the people of Yemen, stood up and said: Messenger of Allah, (kindly) write it for me. Thereupon Allah's Messenger (ﷺ) said I Write it for Abu Shah. Walid said: I asked al-Auzai': What did his saying mean: "Write it for me, Messenger of Allah"? He said: This very address that he had heard from Allah's Messenger (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন